# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৯৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. দ্বিতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

### আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الْحُبْوَةِ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ

### বাংলা

১৩৯৩-[১৩] মু’আয ইবনু আনাস আল জুহানী (রাঃ)বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু’আর দিন ইমামের খুতবার সময় হাঁটু উচিয়ে দু’হাত দিয়ে তা জড়িয়ে ধরে বসতে নিষেধ করেছেন। (তিরমিযী, আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ১১১০, আত্ তিরমিযী ৫১৪, আহমাদ ১৫৬৩০, ইবনু খুযায়মাহ্ ১৮১৫, মুসতাদরাক লিল হাকিম ১০৬৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৯১২, শারহুস্ সুন্নাহ্ ১০৮২, সহীহ আল জামি‘ ৬৮৭৬। তবে ইবনু খুযাইমার সানাদটি দুর্বল।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (نَهى عَنِ الْحُبْوَةِ) এখানে (الْحُبْوَةِ) শব্দটি (الاحتباء) ‘আল ইহতিবা’ থেকে ইসম, কাজী আয়ায আল মাশারিক গ্রন্থের ১ম খন্ডের ১৭৬-১৭৭ পৃষ্ঠায় বলেছেনঃ ‘আল ইহতিবা’ হলো পায়ের গোড়ালিদ্বয় খাড়া করে এবং উভয় গোড়ালির উপর কাপড় জড়িয়ে বসা, কিংবা দু’ হাতে হাঁটুদ্বয় শক্তভাবে ধারণ করা।

আল্লামা শাওকানী (রহঃ) বলেনঃ ইহতিবা সম্পর্কে (نَهى) বা নিষেধাজ্ঞাটা মুত্বলাক্ব, জুমু‘আর খুতবাহ্ (খুতবা) চলা অবস্থা বা জুমু‘আর দিনের সাথে নির্দিষ্ট নয়। কেননা তাতে এক কাপড় পরিহিত ব্যক্তি সতর উন্মুক্ত হওয়ার সম্ভাবনা প্রবল। তবে ইহতিবা করে বসার ব্যাপারে বিদ্বানদের মাঝে মতপার্থক্য রয়েছে। একদল বিদ্বানগণ বলেন যে, জুমু‘আর দিনে ইহতিবা করা মাকরূহ। যেমন আত্ তিরমিযী (রহঃ) বলেন, তাদের মধ্য ‘উবাদাহ্ ইবনু নাসিয়ী

আত্ তাবি‘ঈ। আল্লামা ‘ইরাক্বী (রহঃ) বলেনঃ মাকহূল, ‘আত্বা ও হাসান থেকে বর্ণিত রয়েছে। তারা জুমু‘আর দিনে খুতবাহ্ চলা অবস্থায় ইহতিবা করা মাকরূহ বলতেন এবং তারা মু‘আয ইবনু আনাস (রাঃ) ও ‘আবদুল্লাহ ইবনু ‘আমর (রাঃ)  ইবনুল ‘আস (রাঃ) বর্ণিত হাদীস দ্বারা দলীল গ্রহণ করেছেন। তবে বর্ণিত হাদীসের সানাদে বাক্বিয়্যাহ্ ইবনু ওয়ালীদ, তিনি মুদাল্লিস এবং অধিকাংশ বিদ্বানগণ মতামত দিয়েছেন যে, তা (ইহতিবা) মাকরূহ নয়। যেমন আল্লামা ‘ইরাক্বী (রহঃ) এ মতের সমর্থক।

আবূ দাঊদ ও ত্বাহাবী (রহঃ) বর্ণনা করেছেন এবং বায়হাক্বীর ৩য় খন্ডের ২৩৫ পৃষ্ঠায় ইয়া‘লা ইবনু শাদ্দাদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমি বায়তুল মাকদাস বিজয়ে মু‘আবিয়াহ্ (রাঃ)-এর সাথে ছিলাম, তিনি আমাদের সাথে জুমু‘আহ্ আদায় করলেন, অতঃপর মসজিদের মধ্যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সকল সাহাবীগণ বসে ছিলেন। আমি তাদেরকে ইহতিবা অবস্থায় দেখলাম এবং সে সময় খুতবাহ্ চলছিল এবং তাহাবী (রহঃ) বর্ণনা করেন এবং ইবনু আবী শায়বাহ্ বর্ণনা করেছেন, ইবনু ‘উমার (রাঃ) জুমু‘আর দিনে খুতবাহ্ চলা অবস্থায় ইহতিবা করে বসতেন।

তবে চার ইমামগণ তা মাকরূহ না হওয়ার দিকেই মত দিয়েছেন এবং মাকরূহ হওয়ার হাদীসগুলোর কারণও উল্লেখ করেছেন তার মধ্যে প্রথমটি হলো মাকরূহাতের সকল হাদীস য‘ঈফ। ‘ইরাক্বী (রহঃ) বলেনঃ এ সম্পর্কে সকল হাদীস যদিও য‘ঈফ তথাপিও তা একে অপরকে শক্তিশালী করে এবং এতে কোন সন্দেহ নেই যে, ইহতিবা ঘুম আনয়নকারী। (অর্থাৎ ইহতিবা করে বসলে ঘুম বেশী ধরে)

সুতরাং জুমু‘আর দিনে খুতবাহ্ চলা অবস্থায় ইহতিবা না করাই উত্তম। (আল্লাহ তা‘আলাই ভাল জানেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন